Registered No. DA-1.

# The Bangladesh Gazette

***Extraordinary***

Published by Authority

**THURSDAY, DECEMBER 7, 1978**

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

**MINISTRY OF LABOUR AND INDUSTRIAL WELFARE**

**Section VI**

NOTIFICATION

**Dacca, the 7th December, 1978.**

**No. S.R.O. 324-L/78/LSWVI/2(2)/78.**—In exercise of the powers conferred by clause (*a*) of sub-section (*1*) of section 6 of the Minimum Wages Ordinance, 1961 (XXXIX of 1961), the Government is pleased to declare that the rates of minimum wages specified in the Schedule below, being the minimum rates of wages recommended by the Minimum Wages Board, Dacca, for various workers employed in the "Salt Crushing Industries" in Bangladesh, shall be the minimum rates of wages for such workers with effect on and from the 1st day of July, 1978.

**THE SCHEDULE**

বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

সল্ট ক্রাশিং শিল্প প্রতিষ্ঠান

সুপারিশ, ১৯৭৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের (১৯৬১ সনের অধ্যাদেশ নং ৩৯) বিধান অনুযায়ী ১৯৭৩ সনের ২৪শে আগষ্ট সল্ট ক্রাশিং শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী ধার্য্যকল্পে সরকারী বিজ্ঞপ্তি নং এম এস/ছয় আর-৪/৭৩/৪৭৬ মোতাবেক বোর্ড গঠন করেন এবং প্রয়োজনীয় তদন্তক্রমে উক্ত শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী ধার্য্যের সুপারিশ করিবার জন্য বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ডকে নির্দেশ দেন।



*Price: 50 Paisa.*

বোর্ড বাংলাদেশে অবস্থিত ছোট বড় বেশ কিছু সংখ্যক "সল্ট ক্রাশিং" শিল্প প্রতিষ্ঠান পরিদর্শনক্রমে বিভিন্ন শ্রেণীর শ্রমিকদের কর্মাবস্থা, মজুরীর রেজিস্ট্রার, মালিকের মজুরী প্রদানের পদ্ধতি, অর্থনৈতিক অবস্থা, সকল শ্রমিকদের বিশেষ করিয়া "সল্ট ক্রাশিং" শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকদের জীবিকা নির্বাহের ব্যয়সমেত আরও অন্যান্য বিষয় পর্যবেক্ষণ করেন।

বোর্ড শিল্প প্রতিষ্ঠানের মালিক ও শ্রমিক পক্ষ হইতে প্রয়োজনীয় তথ্যাবলী সংগ্রহ করিয়া তাহাদের প্রস্তাবিত সুপারিশের খসড়া প্রণয়ন করেন এবং উক্ত খসড়া সুপারিশ ১৯৬১ সনের নিম্নতম মজুরী আইনের ১৫ ধারার বিধান অনুযায়ী বাংলাদেশ গেজেটের মাধ্যমে প্রকাশ করেন, যাহাতে ক্ষতিগ্রস্ত ব্যক্তিরা লিখিত আপত্তি বা তথ্যভিত্তিক বক্তব্য পেশ করিবার সুযোগ পান। বোর্ড তাহাদের পেশকৃত আপত্তি, বক্তব্য বিস্তারিতভাবে পর্যালোচনা করিয়া এবং দেশের অন্যান্য শিল্প প্রতিষ্ঠানের দেওয়া প্রচলিত নিম্নতম মজুরী সাধারণ জীবিকা নির্বাহের ব্যয় ইত্যাদি বিশেষভাবে বিবেচনাক্রমে ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ৫ ধারা মোতাবেক গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশ পেশ করিতেছেনঃ—

১। বাংলাদেশে অবস্থিত সমস্ত সল্ট ক্রাশিং শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের জানামত পদ বা কাজসমূহকে তাহাদের কাজের প্রকৃতি, প্রশিক্ষণের তারতম্য, জ্ঞান, অভিজ্ঞতা, দক্ষতা, যোগ্যতা, দায়িত্ব, শারীরিক মেহনত ও কাজের ঝুঁকি ইত্যাদি বিবেচনাক্রমে দক্ষ, আধা দক্ষ ও অদক্ষ এই তিন শ্রেণীতে বিভক্ত করা হউক যাহা অত্রসহ "ক" পরিচ্ছেদে বলা হইয়াছে।

২। এখন হইতে শিল্প প্রতিষ্ঠানের মালিক "ক" পরিচ্ছেদে উল্লিখিত শ্রমিকদের পদবিন্যাস অনুযায়ী যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিষ্টারভুক্ত করিবেন এবং প্রয়োজনবোধে মজুরী স্লিপ প্রদান করিবেন।

৩। যদি কোন কারণে কোন পদ "ক" পরিচ্ছেদে উল্লিখিত না হয় তবে উক্ত শিল্প প্রতিষ্ঠানের মালিক অবশ্যই উক্ত পদ বা কাজের শ্রেণী নির্ধারণক্রমে এতদসংগে গ্রথিত "খ" পরিচ্ছেদে উল্লিখিত নিম্নতম মজুরী প্রদান করিবেন এবং অনতিবিলম্বে এই সংশোধনের বিষয় নিম্নতম মজুরী বোর্ডের চেয়ারম্যানকে জানাইবেন।

৪। যদি কোন শিল্প প্রতিষ্ঠানে কোন শ্রমিক কন্ট্রাকটরের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকও ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ২(৯) ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগকারী কন্ট্রাকটরও মালিকের ন্যায় উল্লিখিত ৩ নং সুপারিশ মোতাবেক কার্য করিবেন এবং উল্লিখিত শ্রমিকদিগকে মজুরী রেজিষ্টারভুক্ত করিতে হইবে এবং প্রয়োজনবোধে মজুরী স্লিপ প্রদান করিতে হইবে।

৫। শিল্প প্রতিষ্ঠানের মালিক তাহাদের বিভিন্ন পদে নিয়োজিত শ্রমিকদের (যাহাদের "ক" পরিচ্ছেদে বলা হইয়াছে) "খ" পরিচ্ছেদে নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম দিতে পারিবেন না।

৬। নির্ধারিত নিম্নতম মজুরী যাহা "খ" পরিচ্ছেদে উল্লিখিত হইয়াছে তাহা সর্বোচ্চ মজুরী হিসাবে গণ্য হইবে না এবং বর্তমানে নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কোথাও যদি অধিকহারে মজুরী দেওয়া হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবেনা। অবশ্য নিয়োগ কর্তা/মালিক পক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে এককভাবে অথবা যৌথ চুক্তি অনুযায়ী অধিকতর যোগ্যতাসম্পন্ন শ্রমিককে কোন বিশেষ এলাকার জীবনযাত্রার ব্যয়, মান, ঝুঁকি অথবা অপর কোন কারণে উচ্চহারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৭। যদি কোন শিল্প প্রতিষ্ঠানের মালিক শ্রমিকদেরকে ফুরণভিত্তিক মজুরী দিয়া থাকেন তবে তাহাকে এই সুপারিশ মোতাবেক তাহাদের মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের (যাহা "ক" পরিচ্ছেদে বলা হইয়াছে) জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পায়।

৮। মালিক পক্ষ ও শ্রমিক পক্ষের যৌথ প্রচেষ্টায় বা আলাপ আলোচনার মাধ্যমে বা কোনরূপ চুক্তি (Bargaining)-এর ফলে বোর্ড প্রদত্ত নিম্নতম মজুরী আদেশের পরও যদি বেশী মজুরী লবণ শিল্প প্রতিষ্ঠানের শ্রমিক সদস্যবৃন্দ পাইতে পারেন বলিয়া উভয় পক্ষ সিদ্ধান্ত গ্রহণ করেন তাহা বোর্ডের নিম্নতম মজুরীর আদেশ বলে ব্যাহত হইবে না।

৯। নির্ধারিত নিম্নতম মজুরী যাহা "খ" পরিচ্ছেদে উল্লিখিত হইয়াছে তাহা ১লা জুলাই ১৯৭৮ হইতে কার্যকরী হইবে।

**আবদুর রাজ্জাক**
চেয়ারম্যান,
নিম্নতম মজুরী বোর্ড
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার,
ঢাকা।

**সিরাজুল ইসলাম**
নির্দলীয় সদস্য।

**আলী ইমাম**
মালিক পক্ষের সদস্য।

**মুখলেছুর রহমান**
শ্রমিক পক্ষের সদস্য।

**এম, এ, হক**
মালিক পক্ষের সদস্য।

**সিরাজুল ইসলাম**
শ্রমিক পক্ষের সদস্য।

---

**"ক" পরিচ্ছেদ**

**ক বিভাগ (পেষণ কাজে নিয়োজিত শ্রমিক আন্তঃবিভাগ)**

**দক্ষ :**

১। মিস্ত্রী (স্থায়ী)।

২। মাঝি (অস্থায়ী)।

**আধা-দক্ষ :**

১। খামালী।

**অদক্ষ :**

১। মোটা লবণ যোগানদার।

২। রোলার সাপালী।

৩। যোগানদার।

৪। পাথার সাপালী।

৫। প্লাটফরম সাপালী।

৬। পানি কাটা।

৭। টুকরী বসানো।

খ বিভাগ (বহির্বিভাগ শ্রমিক)

অদক্ষ ঃ

১। মাল বোঝাই এবং মাল খালাস শ্রমিক।

"খ" পরিচ্ছেদ

নিম্নতম মজুরী

ক বিভাগ (আন্তঃবিভাগ)

| | | | |
|---|---|---|---|
| দক্ষ ঃ | | | |
| ১। মিস্ত্রী (স্থায়ী) | ৪০০ | ... | ৪৫০ টাকা প্রতি মাসে। |
| ২। মাঝি | ২৫ | ... | ৩০ টাকা প্রতি দিন। |
| আধা-দক্ষ ঃ | ২৩ | ... | ২৭ টাকা প্রতি দিন। |
| ৩। অদক্ষ ঃ | ২০ | ... | ২৫ টাকা প্রতি দিন। |

খ বিভাগ (বহির্বিভাগ)

| | | |
|---|---|---|
| ১। অদক্ষ ঃ | | |
| মাল বোঝাই ও খালাস শ্রমিক | ... | প্রতি ১০০ বস্তার জন্য ১২০ টাকা হারে অর্থাৎ প্রতি ২০০ মণের জন্য (ব্যাগ সেলাইসহ)। |

By order of the President,

A. H. M. NOORUDDIN

*Deputy Secretary.*

## MINISTRY OF INDUSTRIES

### NOTIFICATION

**Dacca, the 5th December, 1978.**

**No. PF-1/1C-32/78/321.**—In pursuance of the decision taken by the Investment Board in their 57th meeting held on 30th October, 1978, the Government is pleased to constitute a Permission Committee with the following members :—

(1) Director-General, Department of Industries—*Chairman.*

(2) Deputy Director-General (Technical), Department of Industries—*Member.*

(3) Deputy Director-General (Planning), Department of Industries—*Member.*

(4) Director (Planning), Department of Industries—*Secretary.*

2. The Committee, shall, after necessary appraisal, give final sanctions to the projects involving total fixed capital investment up to Taka 25·00 lakhs and having an import liability of up to 20% of their total requirement of raw materials but not exceeding Taka 5·00 lakhs per year.

3. The Committee shall also review periodically the progress of utilisation of the Industrial Investment Schedule and implementation of sanctions.

4. The Committee will also have powers to co-opt members from agencies concerned with industrial development.

5. The Committee shall meet at least once every month.

By order of the President

Md. AKBAR HOSSAIN

*Deputy Secretary.*

Printed by the Officer-in-charge, Bangladesh Government Press, Dacca.

Published by the Assistant Controller-in-charge, Bangladesh Forms & Publications Office, Dacca.